## "কোভিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্ত অভিবাসী কর্মী পুনর্বাসন ঋণ নীতিমালা, ২০২০"

**ভূমিকাঃ** কোভিড-১৯ এর দ্রুত বিস্তার ও সংক্রমণ প্রতিরোধে বিশ্বব্যাপি নজিরবিহীন লকডাউন ও যোগাযোগ স্থবিরতা বিশ্ব অর্থনীতিতে ব্যাপক নেতিবাচক প্রভাব ফেলছে। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক "কোভিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্ত অভিবাসী কর্মী পুনর্বাসন ঋণ নীতিমালা, ২০২০" এর আওতায় ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর তহবিল থেকে প্রদত্ত ২০০ (দুইশত) কোটি টাকা এর মাধ্যমে স্বল্প সুদে ঋণ বিতরণের লক্ষ্যে প্রাথমিকভাবে তহবিল গঠন করা হয়েছে। যে সকল বাংলাদেশি অভিবাসী কর্মী কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের কারণে ক্ষতিগ্রস্ত হয়ে দেশে ফেরত এসেছেন সে সকল কর্মী/ বিদেশে মৃত্যুবরণ করেছেন তাঁর পরিবারের ১ (এক) জন উপযুক্ত সদস্যকে পুনর্বাসনের লক্ষ্যে স্বল্প সুদে ঋণ প্রদান যা "পুনর্বাসন ঋণ" হিসাবে বিবেচিত হবে।

১. **শিরোনামঃ** এই নীতিমালা "কোভিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্ত অভিবাসী কর্মী পুনর্বাসন ঋণ নীতিমালা, ২০২০" নামে অভিহিত হবে।

২. **উদ্দেশ্যঃ** বিশ্বব্যাপী কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের কারণে ক্ষতিগ্রস্ত অভিবাসী বাংলাদেশি কর্মী/প্রবাসে মৃত কর্মীর পরিবারের ১ (এক) জন উপযুক্ত সদস্যকে পুনর্বাসনের লক্ষ্যে স্বল্প সুদে "পুনর্বাসন ঋণ" প্রদান।

৩. **সংজ্ঞাঃ-** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকলে, এই নীতিমালায় –

ক. "কোভিড-১৯" অর্থ করোনা ভাইরাস রোগ ২০১৯;

খ. "ক্ষতিগ্রস্ত" অর্থ "কোভিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্ত;

গ. "পরিবার" অর্থ পিতা, মাতা, স্বামী/স্ত্রী ও সন্তান;

ঘ. "উপযুক্ত" অর্থ পরিবারের ভরণপোষণে সক্ষম ব্যক্তি;

ঙ. "ব্যাংক" অর্থ প্রবাসী কল্যাণ ব্যাংক;

চ. "পরিশিষ্ট" অর্থ এই নীতিমালার সাথে সংযোজিত পরিশিষ্ট;

ছ. "প্রাথমিক জামানত" অর্থ ব্যবসায়িক মালামাল, মেশিনারিজ, সাজসরঞ্জাম যা হাইপোথিকেশনে বীমাকৃত অবস্থায় ব্যাংকের নিকট দায়বদ্ধ;

জ. "সহজামানত" অর্থ ঋণকে অধিকতর নিরাপদ করার লক্ষ্যে জমি ও অবকাঠামো, ব্যাংকে গচ্ছিত আমানত যা ব্যাংকের নিকট বন্ধক/ লিয়েন (গ্রামের বসতবাড়ি ব্যতিত) রাখা হয়।

ঝ. "জামানত" অর্থ প্রাথমিক জামানত ও সহজামানতের সমষ্টি;

ঞ. "ইকুইটি" অর্থ ব্যবসায়ে মালিকের অংশ।

৪. **ঋণ প্রাপ্তির যোগ্যতাঃ**

ক. বাংলাদেশের নাগরিক হতে হবে;

খ. আবেদনকারীকে ব্যাংকের শাখার অধিক্ষেত্র (Command Area/Jurisdiction)এর স্থায়ী বাসিন্দা হতে হবে;

গ. বয়স নূ্যনতম ১৮ বৎসর হতে হবে;

ঘ. আবেদনকারীর পাসপোর্ট (পাসপোর্টের বহির্গমণ ও আগমণ সীলযুক্ত পাতাসহ) এর সত্যায়িত ফটোকপি, বিএমইটি'র স্মার্ট কার্ড/চাকরিরত দেশের আইডি কার্ড এর সত্যায়িত ফটোকপি/ বৈধ পথে বিদেশ গমণের প্রমাণপত্র/বিদেশে চাকুরির চুক্তিপত্র/ বৈধ পথে রেমিটেন্স প্রেরণের প্রমাণপত্র এবং.ক্ষতিগ্রস্ত অভিবাসী কর্মী মর্মে সংশ্লিষ্ট জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস এর প্রত্যয়নপত্র প্রমাণক হিসেবে দাখিল করতে হবে;

ঙ. বিশ্বব্যাপী কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের কারণে যে সকল বাংলাদেশি অভিবাসী কর্মী ক্ষতিগ্রস্ত হয়ে দেশে ফেরত এসেছেন সে সকল কর্মী/বিদেশে মৃত্যুবরণ করেছেন তাঁর পরিবারের উপযুক্ত ১ (এক) জন সদস্য এ ঋণ পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবে;

চ. অন্য কোন সংস্থা/ ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠান অথবা বেসরকারী প্রতিষ্ঠান হতে ঋণ খেলাপি ব্যক্তি ঋণ পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন না। ঋণ আবেদনকারীকে নন-জুডিশিয়াল স্টাম্পে এতদ্‌সংক্রান্ত হলফনামা দাখিল করতে হবে;

ছ. উন্মাদ, দেউলিয়া, মানসিক ভারসাম্যহীন ব্যক্তি, রাষ্ট্রদ্রোহী মামলার আসামী ঋণের জন্য বিবেচিত হবেন না;

জ. প্রবাসী কল্যাণ ব্যাংক হতে ইতঃপূর্বে গৃহীত ঋণ নিয়মিত হতে হবে;

ঝ. কোভিড-১৯ এর কারণে ১ মার্চ, ২০২০ তারিখ থেকে দেশে ফেরত আসা অভিবাসী কর্মী ঋণের জন্য বিবেচিত হবেন।

**৫. ঋণের প্রকৃতিঃ**

ক. প্রকল্প ঋণ খ. চলতি পুঁজি / ক্যাশ ক্রেডিট।

**৬. ঋণের খাতসমূহঃ** দেশের বিদ্যমান আইন/ সময় সময় সরকার কর্তৃক ঘোষিত নির্দেশনা মোতাবেক নিষিদ্ধ নয় এবং বাণিজ্যিকভাবে লাভজনক উৎপাদনশীল/বাণিজ্যিক/সেবামুলক যে কোন অর্থনৈতিক কর্মকান্ড ঋণের খাত হিসাবে বিবেচিত হবে। নিম্নে খাতসমূহ উল্লেখ করা হলোঃ

**ক) কৃষি খাতঃ**

**I. মৎস্য সম্পদঃ**

- মৎস্য চাষ : কার্প জাতীয়-রুই, কাতলা, মৃগেল ইত্যাদি;
- মৎস্য চাষ : ক্যাট ফিস-পাংগাস, বোয়াল, পাবদা, টেংরা, মাগুর, শিং ইত্যাদি;
- মৎস্য চাষ : তেলাপিয়া, ভেটকি, চিতল, কৈ, থাই কৈ, শোল, গজার, পুঁটি ইত্যাদি;
- মৎস্য চাষ : চিংড়ি;
- মৎস্য চাষ: (মিশ্র);
- মাছ চাষ : অন্যান্য।

**II. প্রাণী সম্পদঃ**

**পোল্ট্রি ফার্মঃ**

- মুরগী (লেয়ার, ব্রয়লার, কক) খামার;
- হাঁস/রাজহাঁস খামার;
- পোল্ট্রি ফার্ম (অন্যান্য)।

**গবাদিপশু মোটাতাজাকরণ / পালন প্রকল্পঃ**

গরু/ছাগল/ ভেড়া/ মহিষ মোটাতাজাকরণ/ পালন।

**দুগ্ধ খামারঃ**

গরু/ছাগল/ ভেড়া/ মহিষের দুগ্ধ খামার।

**III. অন্যান্য কৃষি খাতঃ**

দেশের বিদ্যমান আইন/ সময় সময় সরকার কর্তৃক ঘোষিত নির্দেশনা মোতাবেক নিষিদ্ধ নয় এবং বাণিজ্যিকভাবে লাভজনক উৎপাদনশীল/বাণিজ্যিক/সেবামুলক যে কোন কৃষি খাত।

**খ. অকৃষি খাতঃ**

**i. কুটির শিল্প/ক্ষুদ্র শিল্প প্রকল্পঃ**

- মৃৎ শিল্প;

- ব্লক-বাটিক প্রিন্টিং;
- গ্রামীণ স্যানিটারী সামগ্রী তৈরি;
- তাঁত/ বুনন শিল্প;
- নকশী কাঁথা তৈরি;
- কাঠের/স্টীলের আসবাবপত্র তৈরি;
- ক্ষুদ্র ও কুটিরশিল্প (অন্যান্য)।

ii. **বাণিজ্যিক খাতঃ**

- মুদি/মনোহরী;
- ডিপার্টমেন্টাল স্টোর;
- কাপড়ের ব্যবসা/তৈরি পোষাকের ব্যবসা;
- প্রাণী খাদ্য/মৎস্য খাদ্য ব্যবসা;
- ধান/চাল/অন্যান্য কৃষিপণ্য ব্যবসা;
- ধান, গম, মসলা ও অন্যান্য কৃষিপণ্য ভাঙ্গার মেশিন ব্যবসা;
- সার/বীজ/কীটনাশক ব্যবসা ;
- পার্টসের ব্যবসা;
- ইলেকট্রিক ও ইলেকট্রনিক্স সামগ্রীর ব্যবসা;
- ঔষধ ব্যবসা;
- জুতার ব্যবসা;
- ক্রোকারিজ সামগ্রীর ব্যবসা;
- হার্ডওয়্যার ব্যবসা;
- আসবাবপত্রের ব্যবসা;
- কম্পিউটার দোকান;
- লাইট ইঞ্জিনিয়ারিং/গাড়ী মেরামত ওয়ার্কসপ;
- সিএনজি, অটোরিক্সা ও অন্যান্য পরিবেশবান্ধব যানবাহন ক্রয়;
- কৃষি যন্ত্রপাতি (পাওয়ার ট্রিলার, ধান কাটা ও মাড়াইয়ের যন্ত্র, মাটি কাটার মেশিন ইত্যাদি) ব্যবসা;
- বিউটি পার্লার;
- অন্যান্য বাণিজ্যিক খাত।

উল্লেখ্য, প্রয়োজনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় প্রকল্প/ব্যবসা পরিদর্শন করতে পারবেন।

৭. **গ্রুপ ঋণঃ** ক্ষতিগ্রস্ত অভিবাসী কর্মীগণ গ্রুপ সৃষ্টির মাধ্যমে গ্রুপ ঋণ গ্রহণ করতে পারবেন।

৮. **ঋণ সীমাঃ** সর্বোচ্চ ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা।

৯. **ঋণের মেয়াদঃ** প্রকল্প এবং ব্যবসার প্রকৃতি/ধরণ অনুযায়ী (সর্বোচ্চ ৫ বছর)।

১০. **সহজামানত/জামানত/গ্যারান্টিঃ**

ক. সর্বোচ্চ ২.০০ (দুই) লক্ষ টাকা পর্যন্ত সহজামানতবিহীন;

খ. ২.০০ (দুই) লক্ষ টাকার উর্ধ্বে ঋণ মঞ্জুরির ক্ষেত্রে নীতিমালা অনুযায়ী গ্রহণযোগ্য ১.৫ গুণ সমপরিমাণ সহজামানত নিতে হবে;

গ. যে কোন পরিমাণ ঋণের ক্ষেত্রে প্রকল্প, ব্যবসার মালামাল/অস্থাবর ও অন্যান্য সম্পদ প্রাথমিক জামানত হিসেবে হাইপোথিকেশন দলিলমূলে ব্যাংকের নিকট দায়বদ্ধ থাকবে;

ঘ. ঋণ পরিশোধে সক্ষম ন্যূনতম ১ (এক) জনের ব্যক্তিগত গ্যারান্টি নিতে হবে। এক্ষেত্রে ঋণ পরিশোধে সক্ষম ঋণ আবেদনকারীর পিতা/ মাতা/ স্বামী/ স্ত্রী/ ভাই/ বোন/ নিকটতম আত্মীয়-স্বজন/ আর্থিকভাবে সচ্ছল সমাজের গণ্যমান্য

ব্যক্তি গ্যারান্টর হতে পারবেন। এছাড়া গ্যারান্টরকে শাখার অধিক্ষেত্রের স্থায়ী বাসিন্দা হতে হবে। একজন গ্যারান্টর সর্বোচ্চ একজন ঋণগ্রহীতার গ্যারান্টর হতে পারবেন;

ঙ. প্রতিটি ঋণের ক্ষেত্রে ঋণগ্রহীতার ব্যক্তিগত গ্যারান্টি নিতে হবে। ঋণগ্রহীতা ও যে কোন একজন গ্যারান্টার, উভয়ের নিকট হতে ৩ (তিন) টি করে মোট ৬ (ছয়) টি স্বাক্ষরিত চেকের পাতা নিতে হবে।

**১১. সুদের হারঃ** ৪% সরল সুদ। তবে মেয়াদী ঋণের ক্ষেত্রে কিস্তি খেলাপি এবং ক্যাশ ক্রেডিট ঋণের ক্ষেত্রে মঞ্জুরিপত্রের শর্ত মোতাবেক যথাসময়ে সমন্বয়ে ব্যর্থতায় ২% দণ্ড সুদ আরোপযোগ্য।

**১২. গ্রেস/ মরাটোরিয়াম পিরিয়ডঃ** প্রকল্প এবং ব্যবসার গ্রেস/ মরাটোরিয়াম পিরিয়ড হবে পরিশিষ্ট অনুযায়ী।

**১৩. ইকুইটি/ মার্জিনঃ** প্রকল্প ঋণের ক্ষেত্রে সমমূলধন ন্যূনতম ২০% এবং চলমান ঋণের ক্ষেত্রে মার্জিন ন্যূনতম ৫০%।

**১৪. চলতি হিসাবঃ** ঋণ বিতরণের পূর্বে ন্যূনতম ১০০০.০০ (এক হাজার) টাকা জমা করে চলতি হিসাব খুলতে হবে।

**১৫. ফরমের মূল্যঃ** ২০০/- (দুইশত) টাকা।

**১৬. প্রসেসিং ফি ও সার্ভিস চার্জঃ** ঋণ গ্রহীতাকে ঋণ গ্রহণের সময় ১% প্রসেসিং ফি এবং ২% সার্ভিস চার্জ প্রদান করতে হবে।

**১৭. তালিকা বহির্ভূত খাতে অর্থায়নঃ** দেশের বিদ্যমান আইন/ সময় সময় সরকার কর্তৃক ঘোষিত নির্দেশনা মোতাবেক নিষিদ্ধ নয় এবং বাণিজ্যিকভাবে লাভজনক উৎপাদনশীল/বাণিজ্যিক/সেবামূলক যে কোন অর্থনৈতিক কর্মকান্ডের খাতসমূহ যা তালিকায় অন্তর্ভুক্ত করা হয়নি তা পর্ষদের অনুমোদনক্রমে অর্থায়ন করা যাবে।

**১৮. চার্জ ডকুমেন্টঃ** ব্যাংকের ঋণ নীতিমালা অনুযায়ী গ্রহণ করতে হবে।

**১৯. মঞ্জুরি ক্ষমতাঃ** ব্যাংকের প্রচলিত ঋণ মঞ্জুরি ক্ষমতার আওতায় ঋণ মঞ্জুর করা যাবে।

**২০. ঋণ আদায়ঃ** মঞ্জুরিপত্রের শর্ত মোতাবেক ঋণ গ্রহীতাকে ঋণের কিস্তি পরিশোধ করতে হবে। যথাসময়ে ঋণ পরিশোধের ব্যর্থতায় দেশের বিদ্যমান আইন অনুযায়ী ব্যাংক মামলা দায়ের করতে পারবে।

**২১. ঋণ আবেদনের প্রয়োজনীয় কাগজপত্রঃ**

ক. আবেদনকারীর আবেদনসহ পারিবারিক তথ্যসম্বলিত জীবন বৃত্তান্ত (নির্ধারিত ফরমেটে);

খ. আবেদনকারীর পাসপোর্ট (পাসপোর্টের বহির্গমন ও আগমন সীলযুক্ত পাতাসহ) এর সত্যায়িত ফটোকপি, বিএমইটি'র স্মার্ট কার্ড/ চাকরিরত দেশের আইডি কার্ড এর সত্যায়িত ফটোকপি/ বৈধ পথে বিদেশ গমণের প্রমাণপত্র/বিদেশে চাকুরির চুক্তিপত্র/ বৈধ পথে রেমিটেন্স প্রেরণের প্রমাণপত্র এবং ক্ষতিগ্রস্ত অভিবাসী কর্মী মর্মে সংশ্লিষ্ট জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস এর প্রত্যয়নপত্র প্রমানক হিসেবে দাখিল করতে হবে;

গ. আবেদনকারীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি;

ঘ. গ্যারান্টরের সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি;

ঙ হালনাগাদ ট্রেড লাইসেন্সের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);

চ. প্রকল্পের ঠিকানাসহ বিস্তারিত বিবরণ (এক বছবের আয়-ব্যয় বিবরণী প্রযোজ্য ক্ষেত্রে);

ছ. দোকান/গোডাউন ভাড়ার ক্ষেত্রে Letter of Disclaimer এবং নিজস্ব হলে মালিকানার প্রমাণপত্র নিতে হবে;

জ. প্রশিক্ষণ/অভিজ্ঞতার সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);

ঝ. ব্যক্তিগত/প্রকল্পের নামে কোন সংস্থা/এনজিও/ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে গৃহীত ঋণের ঘোষণাপত্র;

ঞ. অন্য কোন কোন সংস্থা/ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে ঋণ গ্রহণ করা হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে ঋণ হিসাব বিবরণীসহ ঋণ খেলাপী নয় মর্মে ঋণ গ্রহীতাকে নন-জুডিশিয়াল স্ট্যাম্পে হলফনামা দাখিল করতে হবে;

**২২. নীতিমালা কার্যকর ও সংশোধন ক্ষমতাঃ**

এই নীতিমালা জারির তারিখ হতে কার্যকর হবে। এই নীতিমালা সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিমার্জন, পরিবর্ধন উভয়পক্ষের সম্মতি সাপেক্ষে সাধিত হবে।

পরিশিষ্ট

**ঋণের মেয়াদকাল ও পরিশোধসূচিঃ**

| ক্রম | খাত/প্রকল্পসমূহ | মেয়াদ (সর্বোচ্চ) | গ্রেস পিরিয়ড | পরিশোধসূচি (সর্বোচ্চ) | বিতরণের সময়কাল |
|---|---|---|---|---|---|
| ০১ | মৎস্য চাষ (কার্প জাতীয় মাছ) | ০২ বছর | ২৭০ দিন (০৯ মাস) | ১৫ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ০২ | মৎস্য চাষ (ক্যাট ফিস) | ০২ বছর | ২৭০ দিন (০৯ মাস) | ১৫ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ০৩ | মৎস্য চাষ (তেলাপিয়া, ভেটকি, চিতল, থাই কৈ ইত্যাদি) | ০২ বছর | ০৩ মাস | প্রতি ৩ মাস অন্তর ৭ টি কিস্তিতে | বছরব্যাপী |
| ০৪ | মৎস্য চাষ (চিংড়ি) | ০২ বছর | ২৭০ দিন (০৯ মাস) | ১৫ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ০৫ | মৎস্য চাষ (মিশ্র) | ০২ বছর | ০৬ মাস | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ০৬ | ব্রয়লার/কক মুরগীর খামার | ০২ বছর | ৪৫ দিন | ৪৫ দিন পর পর ১৫ টি কিস্তিতে | বছরব্যাপী |
| ০৭ | লেয়ার মুরগীর খামার | ০২ বছর | ১৮০ দিন (০৬ মাস) | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ০৮ | পোল্ট্রি ফার্ম (হাঁস) | ০১ বছর | ০৬ মাস | ১ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ০৯ | গবাদি পশু মোটাতাজাকরণ (গরু, মহিষ ইত্যাদি) | ০১ বছর | ১১ মাস | ১১ মাস পর এককালীন | বছরব্যাপী |
| ১০ | দুগ্ধ খামার | ০১ বছর | ০১ মাস | ১১ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১১ | মৃৎ শিল্প | ০১ বছর | ০১ মাস | ১১ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১২ | ব্লক-বাটিক প্রিন্টিং | ০১ বছর | ০১ মাস | ১১ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১৩ | গ্রামীণ স্যানিটারী সামগ্রী তৈরি | ০১ বছর | ০১ মাস | ১১ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১৪ | তাঁত/বুনন শিল্প | ০১ বছর | ০১ মাস | ১১ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১৫ | নকশী কাঁথা তৈরী | ০১ বছর | ০১ মাস | ১১ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১৬ | কাঠের/স্টীলের আসবাবপত্র তৈরি | ০১ বছর | ০১ মাস | ১১ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১৭ | মুদি/মনোহরী | ০৫ বছর | ০১ মাস | ৫৯ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১৮ | ডিপার্টমেন্টাল স্টোর | ০৫ বছর | ০১ মাস | ৫৯ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১৯ | কাপড়ের ব্যবসা/তৈরি পোষাক ব্যবসা | ০৫ বছর | ০১ মাস | ৫৯ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ২০ | প্রাণী খাদ্য/মৎস্য খাদ্য ব্যবসা | ০১ বছর | ০১ মাস | ১১ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ২১ | ধান/চাল/অন্যান্য কৃষিপণ্য ব্যবসা | ০১ বছর | ০১ মাস | ১১ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ২২ | সার/বীজ/কীটনাশক ব্যবসা | ০৫ বছর | ০১ মাস | ৫৯ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ২৩ | পার্টসের ব্যবসা | ০৫ বছর | ০১ মাস | ৫৯ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ২৪ | ইলেকট্রিক সামগ্রীর ব্যবসা | ০৫ বছর | ০১ মাস | ৫৯ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ২৫ | ইলেকট্রনিক্স সামগ্রীর ব্যবসা | ০৫ বছর | ০১ মাস | ৫৯ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ২৬ | ঔষধ ব্যবসা | ০৫ বছর | ০১ মাস | ৫৯ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ২৭ | জুতার ব্যবসা | ০৫ বছর | ০১ মাস | ৫৯ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ২৮ | ক্রোকারিজ সামগ্রীর ব্যবসা | ০২ বছর | ০১ মাস | ২৩ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |

| ক্রম | খাত/প্রকল্পসমূহ | মেয়াদ (সর্বোচ্চ) | গ্রেস পিরিয়ড | পরিশোধসূচি (সর্বোচ্চ) | বিতরণের সময়কাল |
|---|---|---|---|---|---|
| ২৯ | হার্ডওয়্যার ব্যবসা | ০২ বছর | ০১ মাস | ২৩ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ৩০ | আসবাবপত্রের ব্যবসা | ০২ বছর | ০১ মাস | ২৩ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ৩১ | কম্পিউটার দোকান | ০২ বছর | ০১ মাস | ২৩ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ৩২ | লাইট ইঞ্জিনিয়ারিং/গাড়ী মেরামত ওয়ার্কসপ | ০২ বছর | ০১ মাস | ২৩ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ৩৩ | সিএনজি, অটোরিক্সা ও অন্যান্য পরিবেশবান্ধব যানবাহন ক্রয় | ০৫ বছর | ০১ মাস | ৫৯ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ৩৪ | কৃষি যন্ত্রপাতি (পাওয়ার ট্রিলার, ধান কাটা ও মাড়াইয়ের যন্ত্র, মাটি কাটার মেশিন ইত্যাদি) ব্যবসা | ০৫ বছর | ০১ মাস | ৫৯ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ৩৫ | বিউটি পার্লার | ০২ বছর | ০১ মাস | ২৩ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |

প্রবাসী কল্যাণ ব্যাংক
ইস্কাটন গার্ডেন
ঢাকা-১০০০
প্রধান কার্যালয়, প্রবাসী কল্যাণ ভবন